



## দক্ষিণ লেবাননে অ্যাম্বুলেন্সে ইসরায়েলি হামলায় নিহত ১



ছবি: সংগৃহীত

দক্ষিণ লেবাননে একটি চলন্ত অ্যাম্বুলেন্স লক্ষ্য করে ইসরায়েলি বিমান হামলার অভিযোগ উঠেছে। এতে একজন প্যারামেডিক নিহত এবং আরও দুজন আহত হয়েছেন।  
সোমবার (৭ সেপ্টেম্বর) ভোরে নাবাতিহ গভর্নরেটের কেফার রুম্মান শহরে এ হামলার ঘটনা ঘটে। নিহত প্যারামেডিকের নাম আলী শাহরুর।  
লেবাননভিত্তিক আল মায়াদিন টেলিভিশনের প্রতিবেদনে বলা হয়েছে, ইসরায়েলি সামরিক বাহিনী সরাসরি চলমান অ্যাম্বুলেন্সটিকে লক্ষ্য করে হামলা চালায়।  
হামলার পরপরই ঘটনাস্থলে জরুরি উদ্ধারকারী দল পৌঁছে আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠায়।  
তবে হামলার ঘটনায় তাৎক্ষণিকভাবে লেবাননের কর্তৃপক্ষ কিংবা ইসরায়েলি সেনাবাহিনীর পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক মন্তব্য পাওয়া যায়নি।

LENS ASIA